গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৩.০০.০০০০.০৫৩.২০.০২৮.১৬-৭৯ তারিখ: ১২/০১/২০১৭ খ্রি:

বিষয়: খাদ্য মন্ত্রণালয়ের মধ্যমেয়াদী বাজেট কাঠামো (MBF) এবং ২০১৭-১৮ অর্থবছরের প্রাপ্তি ও ব্যয়ের প্রাক্কলন ও ২০১৮-২০ পর্যন্ত প্রক্ষেপণসহ ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দ চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: কায়কোবাদ হোসেন
সচিব
খাদ্য মন্ত্রণালয়
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ।
তারিখ ও সময় : ০৫/০১/২০১৭ , বেলা- ০২.৩০ টায়।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা : 'পরিশিষ্ট-ক'।

আলোচনা ও সিদ্ধান্ত :

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। তিনি সভার আলোচ্যসূচী সকলকে অবহিত করে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট) কে অনুরোধ জানান। উপসচিব (বাজেট) জানান যে, অর্থ বিভাগ থেকে প্রাপ্ত বাজেট পরিপত্র-১ এর নির্দেশনা অনুসরণে খাদ্য মন্ত্রণালয়ের মধ্যমেয়াদী বাজেট কাঠামোর (MBF) ১-৫ অংশ এবং ২০১৭-১৮ অর্থবছরের প্রাপ্তি ও ব্যয়ের প্রাক্কলন ও পরবর্তী ২ বছরের প্রক্ষেপণ ফরম ১ ও ২ এ ইতোপূর্বে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির ১ম সভায় চুড়ান্ত করা হয়েছে। বাজেট প্রস্তুত করার পরবর্তী পদক্ষেপ অনুযায়ী MBF এর ২য় অংশের খসড়া এবং ২০১৭-১৮ অর্থ বছরের প্রাপ্তি ও ব্যয়ের প্রাক্কলন ও ২০২০ পর্যন্ত প্রক্ষেপন ফরম-৩ এ বিভাজন করে বাজেট ওয়াকিং গ্রুপের সভায় পরীক্ষা করে চুড়ান্ত করা হয়েছে। আজকের সভায় উক্ত MBF এর খসড়া ও আগামী অর্থ বছরের প্রাপ্তি ও ব্যয়ের প্রাক্কলন ও পরবর্তী ২ বছরের প্রক্ষেপণের বিভাজন ফরম-৩ এ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। এছাড়া খাদ্য মন্ত্রণালয়ের চলতি অর্থ বছরের (২০১৬-১৭) সংশোধিত বাজেটের খসড়া আজকের BMC সভায় চুড়ান্ত করা হবে এবং খসড়া অনুমোদনের পর অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।

০২। উপসচিব (বাজেট) প্রথমে প্রাপ্তি বাজেট সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, ২০১৭-১৮ অর্থ বছরের জন্য খাদ্য মন্ত্রণালয়ের কর ব্যতীত প্রাপ্তির সিলিং ২১.৩১ কোটি টাকা অর্থ বিভাগ থেকে দেয়া হয়েছে। বিগত BMC সভায় উক্ত সিলিং সচিবালয় ও খাদ্য অধিদপ্তরের মধ্যে ফরম-১ এ বিভাজন করা হয়েছে। তিনি জানান যে, সচিবালয় খাতে ২.৭৫ কোটি টাকা এবং খাদ্য অধিদপ্তরের খাতে ১৮.৫৬ কোটি টাকা বিগত সভায় বিভাজন করা হয়েছে। বিগত ২ অর্থ বছরের প্রকৃত প্রাপ্তির ধারাবাহিকতা যাচাই করে সভাপতির পরামর্শ অনুযায়ী নিম্নোক্তভাবে প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও প্রক্ষেপণ পুন:নির্ধারণ করা হয়:-

সারণী -১

প্রাপ্তি:

(লক্ষ টাকায়))

কোড নং	দপ্তর/সংস্থা	প্রাক্কলন	প্রক্ষেপণ	
		২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০
১	২	৩	৪	৫
	রাজস্ব আয়ের প্রাথমিক লক্ষ্যমাত্রা	২১,৩১	২৩,৮৭	২৬৭৪
৪৮০১	সচিবালয়	২,৭৫	৩,৩২	৩,৯৬
৪৮৩১	খাদ্য অধিদপ্তর	১৮,৫৬	২০,৫৫	২২,৭৮
	মোট	২১,৩১	২৩,৮৭	২৬,৭৪

সভায় সর্ব সম্মতিক্রমে প্রাপ্তির বাজেট চুড়ান্ত করা হয়।

(চলমান পাতা-২)

০৩। অত:পর উপসচিব (বাজেট) মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থবছরের বাজেট কাঠামোর (MBF) খসড়া সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, বিগত BMC সভায় মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর (MBF) ১ম ভাগ পর্যালোচনা করা হয়েছে। এই সভায় ২য় ভাগ সহ MBF চূড়ান্ত করা হবে। তিনি উল্লেখ করেন যে, মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আলোকে মন্ত্রণালয়ের MBF হালনাগাদ করা হয়েছে। বিগত BMC সভায় MBF এর ১ম অংশের মন্ত্রণালয়ের মিশন স্টেটমেন্ট, কার্যাবলী, কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার খাত, KPI ইত্যাদি হালনাগাদ করে চূড়ান্ত করা হয়েছে। পরবর্তী অংশের সচিবালয়সহ দপ্তর/সংস্থার KPI এবং সাম্প্রতিক অর্জন সমূহ হালনাগাদ করা হয়েছে। তিনি জানান যে, MBF এর খসড়া কার্যপত্রের সাথে দেয়া হয়েছে। আজকের সভায় বিস্তারিত আলোচনা করে প্রয়োজনে সংশোধন, সংযোজনসহ তা পরিমার্জন করে চূড়ান্ত করা হবে। অত:পর সভায় উপস্থাপিত খাদ্য মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের MBF এর খসড়া সর্বসম্মতিক্রমে চূড়ান্ত করা হয়।

০৪। এরপর উপসচিব (বাজেট) মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, অর্থ বিভাগ থেকে ১৩,৩৮২ কোটি ০৯ লক্ষ টাকা সর্বমোট ব্যয়ের লক্ষ্যমাত্রা দেয়া হয়েছে। এর মধ্যে ১২,৮৮৬ কোটি ৩৩ লক্ষ টাকা অনুন্নয়ন ব্যয় এবং ৪৯৫ কোটি ৭৬ লক্ষ ০০ হাজার টাকা উন্নয়ন ব্যয়ের জন্য বিভাজন করা হয়েছে। এছাড়া ২৩৫ কোটি টাকা বৈদেশিক প্রকল্প সাহায্য হিসেবে লক্ষ্যমাত্রা দেয়া হয়েছে যা সর্বমোট ব্যয়সীমার মধ্যে অন্তর্ভূক্ত। অত:পর নিম্নোক্তভাবে ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ সভায় চূড়ান্ত করা হয় :

সারণী -২

অনুন্নয়ন ব্যয় :

(লক্ষ টাকায়)

কোড নং	দপ্তর/সংস্থা	প্রাক্কলন	প্রক্ষেপণ	
		২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০
১	১	২	৩	৪
৪৮০১	সচিবালয়	২৫৫,০১	৩১৩৬১	৩৮৯৩৯
৪৮০৬	আন্তর্জাতিক সংস্থার চাঁদা	৩	৩	৩
৫৮০০	ভর্তুকি	৩১৪১,৬১	৩৪৩৫৪০	৩৭৪৭৫৩
৪৮০৫	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ	১১,৫৫	১২৭১	১৩৯৮
৪৮৩১	খাদ্য অধিদপ্তর	৭৫,৭০	৭৬৬৫	৮০৮৪
৪৮৩১	ঢাকা রেশনিং	৫,১২	৫৪৭	৫৮৪
৪৮৩১	সাইলোসমূহ	৩৮,০০	৪২১৫	৪৭০৫
৪৮৩৩	আঞ্চলিক কার্যালয়সমূহ	৩১,১১	৪৩৬০	৫৪১৪
৪৮৩৫	জেলা কার্যালয়সমূহ	৮৭,০৩	৯৩০০	৯৯৪৮
৪৮৩৭	উপজেলা কার্যালয়সমূহ	২২৭,১৬	২৪১১০	২৫৬০৪
৪৮৩৯	সরকারি আটাকল	৫,২৯	৫৬২	৫৯৭
৪৮৪১	নিয়ন্ত্রক, পরিবহন ও সংরক্ষণ	২৪,৩৯	২৫৮৭	২৭৪৫
৪৮২১	খাদ্য সংগ্রহ কার্যক্রম	৮০০৬,২১	৮৮৬১২৮	৯৮২৯১৭
৪৮২৫	অন্যান্য খাদ্য ব্যবস্থাপনা কার্যক্রম	৯৭৮,১২	১০২১৪৮	১০৪১৮৭
	সর্বমোট অনুন্নয়ন	১২,৮৮৬,৩৩	১৪,১৭৭,৯৭	১৫,৫৯৮,৭৮

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশ মতে হতদরিদ্র ৫০ লক্ষ পরিবারকে প্রতি মাসে ৩০ কেজি চাল প্রতি কেজি ১০/- টাকা দরে প্রদানসহ ওএমএস কার্যক্রম অব্যাহত থাকায় ভর্তূকি খাতে ব্যয় বৃদ্ধির উপর সভাপতি গুরুত্বারোপ করেন বিধায় সভায় খাদ্য সংগ্রহ কার্যক্রমে ব্যয় হ্রাস করে ভর্তুকি খাতে সর্বসম্মতিক্রমে ব্যয় বৃদ্ধির প্রস্তাব গৃহীত হয়।

(চলমান পাতা-৩)

০৫। উপসচিব (বাজেট) উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, ২০১৭-১৮ অর্থ বছরের জন্য উন্নয়ন ব্যয়ের বরাদ্দ ৪৭৫ কোটি ৯০ লক্ষ টাকা অনুমোদিত ৩ টি প্রকল্পের মধ্যে বিভাজন করে দেয়া হয়েছে এবং ১৯ কোটি ৮৬ লক্ষ টাকা অননুমোদিত সম্ভাব্য ৩ টি প্রকল্পের জন্য থোক বরাদ্দ হিসেবে ধরে রাখা হয়েছে। অত:পর নিম্নোক্তভাবে উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ সভায় অনুমোদিত হয়:

সারণী - ৩

উন্নয়ন ব্যয় :

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	প্রকল্প	প্রাক্কলন	প্রক্ষেপন	
		২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০
১	২	৩	৪	৫
১	অনুমোদিত প্রকল্পসমূহ (এফপিএমইউ) ইনষ্টিটিউশনালাইজেশন অফ ফুড সেফটি ইন বাংলাদেশ ফর সেফার ফুড (০১/০৩/২০১৪ হতে ৩১/০৮/২০১৭)	১০১৪.২৫		
২	অনুমোদিত প্রকল্পসমূহ: সমগ্র দেশে ১.০৫ লক্ষ মে.টন ধারণ ক্ষমতা সম্পন্ন নতুন খাদ্য গুদাম নির্মান প্রকল্প (জুলাই/২০১৩ - জুন/২০১৮)	১৯৯২৮.০৩		
৩	আধুনিক খাদ্য সংরক্ষনাগার নির্মাণ প্রকল্প (১/০১/২০১৪ হতে ৩০/০৬/২০২০)	২৬৬৪৭.৯৭	৫১২.৩৪	৫৬৩.৫৭
	অনুমোদিত উপমোট	৪৭৫৯০.২৫	৫১২৩৪.০০	৫৬৩,৫৭
৪	অননুমোদিত উপমোট (এফপিএমইউ) Meeting the Under Nutrition Challenges (MUCH) Strengthening the enabling environment for food security and nutrition (অক্টোবর ২০১৪-সেপ্টেম্বর ২০১৯)	৪৮৫.৭৪	৫০০,০০	৫০০,০০
৫	নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অননুমোদিত প্রকল্পের জন্য	৫০০.০০	৫০০.০০	১৫০০.০০
৬	অননুমোদিত উপমোট (খাদ্য অধিদপ্তর) (১) পোস্তগোলা সরকারী আধুনিক ময়দা মিলের জন্য নদী সংযোগ প্রকল্প (০১/০১/২০১৭ থেকে ৩১/১২/২০১৮)	১০০০.০০	২০০০.০০	১০০০.০০
	অননুমোদিত প্রকল্পের মোট	১৯৮৫.৭৪	৩০০০.০০	৩০০০.০০
	সর্বমোট উন্নয়ন ব্যয়	৪৯৫,৭৫.৯৯	৫৪২.৩৪	৫৯৩.৫৭

০৬। উপ-সচিব (বাজেট) খাদ্য মন্ত্রণালয়ের চলতি (২০১৬-১৭) অর্থবছরের সংশোধিত বাজেট সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অধিশাখা/শাখা/পরিকল্পনা সেল এবং অধীনস্থ সংস্থা/অধিদপ্তর থেকে প্রাপ্ত প্রস্তাব পরীক্ষা করে অর্থ মন্ত্রণালয়ের এসংক্রান্ত নির্দেশনা অনুসরণ করে ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেটের খসড়া প্রস্তুত করা হয়েছে। বিগত অর্থ বছরের প্রকৃত আয়/ব্যয় এবং চলতি অর্থ বছরের ১ম ৩ মাসের আয়/ব্যয়ের ভিত্তিতে এবং হালনাগাদ প্রকৃত আয়/ব্যয়ের তথ্য বিবেচনায় এনে ২০১৬-১৭ অর্থবছরের কর ব্যতীত প্রাপ্তির মূল বাজেট ১৯ কোটি ০৩ লক্ষ ০৫ হাজার টাকার স্থলে সংশোধিত বাজেটে প্রাপ্তির প্রাক্কলন ২৫ কোটি ৬২ লক্ষ ৪৭ হাজার টাকা করা হয়েছে। অনুন্নয়ন খাতে মূল ব্যয় বাজেট ছিল ১১,৬৫৭ কোটি ৫৬ লক্ষ ৯২ হাজার টাকা। সংশোধিত বাজেটে ব্যয়ের প্রাক্কলন ১০,০৩৫ কোটি ৮৬ লক্ষ ৮৬ হাজার টাকা ধরা হয়েছে। প্রাপ্তি বাজেট আলোচনাকালে সভাপতি মন্ত্রণালয়ের আদায়ের উৎস সম্পর্কে জানতে চান। সচিবালয় অংশে আয়ের উল্লেখযোগ্য কোন উৎস না থাকায় প্রাপ্তি বাজেট হ্রাস করার সুপারিশ করেন। অন্য দিকে খাদ্য অধিদপ্তরের হালনাগাদ প্রাপ্তির ভিত্তিতে প্রাপ্তি বাজেট বৃদ্ধি করার প্রস্তাব দেয়া হয়। অত:পর ২০১৬-১৭ অর্থ বছরের কর ব্যতীত প্রাপ্তির সংশোধিত প্রাক্কলন নিম্নরুপভাবে সভায় চুড়ান্ত করা হয়:-

সারনী-৪

কর ব্যতিত রাজস্ব প্রাপ্তি বাজেট:

(হাজার টাকায়)

মন্ত্রণালয়/বিভাগ	মূল বাজেট ২০১৬-১৭	সংশোধিত বাজেট ২০১৬-১৭
৪৮০১- সচিবালয়	৪,২৪,৩৫	১,৫০,০৭
৪৮৩১-খাদ্য অধিদপ্তর	১৪,৭৮,৭০	২৪,১২,৪০
সর্বমোট	১৯,০৩,০৫	২৫,৬২,৪৭

 (চলমান পাতা-৪)

০৭। এর পর উপ-সচিব (বাজেট) অনুন্নয়ন ব্যয়ের সংশোধিত খসড়া প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, চলতি অর্থবছরের মূল অনুন্নয়ন বাজেট ছিল ১১,৬৫৭ কোটি ৫৬ লক্ষ ৯২ হাজার টাকা। প্রকৃত ও সম্ভাব্য ব্যয়ের ভিত্তিতে বরাদ্দ হ্রাস করে সংশোধিত বাজেটে ১০,০৩৫ কোটি ৮৬ লক্ষ ৮৬ হাজার টাকার খসড়া প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি জানান যে, সংশোধিত বাজেটে অনুন্নয়ন ব্যয় মূল বাজেট অপেক্ষা ১৬২১,৭০,০৬ হাজার টাকা হ্রাস করা হয়েছে। অতপর: উপ-সচিব (বাজেট) মন্ত্রণালয়ের সংশোধিত বাজেট নিম্নরূপভাবে উপস্থাপন করেন :-

সারণী-৫

অনুন্নয়ন ব্যয়ের বাজেট:

(হাজার টাকায়)

কোড নং ও খাত	মূল বাজেট ২০১৬-১৭	সংশোধিত বাজেট প্রস্তাব ২০১৬-১৭
৪৮০১- সচিবালয়	১৯৯২,৮৮,৯০	১৯৯৪,৬৯,৭১
৪৮০৫-স্বায়ত্বশাসিত ও অন্যান্য	১০,৫০,০০	১০,৫০,০০
৪৮০৬- আন্তর্জাতিক চাঁদা	৩০০	২৫৯
৪৮২১-খাদ্য সংগ্রহ কার্যক্রম	৮৩১২,০৫,১০	৬৬৭০,০০,০০
৪৮২৫- অন্যান্য খাদ্য ব্যবস্থাপনা কার্যক্রম	৮৯৩,১১,৯৫	৯৩৬,০০,০০
৪৮৩১-খাদ্য অধিদপ্তর	১১৮,০১,৪৬	১২৬,৪৩,৯৭
৪৮৩৩- আঞ্চলিক কার্যালয়সমূহ	৬,৭১,১৫	৫,১৪,৪৮
৪৮৩৫-জেলা কার্যালয়সমূহ	৮১,৭১,৯৪	৬৯,৮৫,৭৯
৪৮৩৭- উপজেলা কার্যালয়সমূহ	২১৪,৪৮,৩২	১৯৯,৯৬,২১
৪৮৩৯- সরকারি আটা কল	৪,৯৮,৪০	৩,০০,৩৪
৪৮৪১-নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ	২৩,০৬,৭০	২০,২৩,৭৭
সর্বমোট=	১১,৬৫৭,৫৬,৯২	১০,০৩৫,৮৬,৮৬

০৮। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য বৈদেশিক প্রশিক্ষণ প্রদানের গুরুত্বের বিষয়টি সভায় তুলে ধরে জানান যে, এ বিষয়ে মন্ত্রণালয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির গত ১৫/১২/২০১৬ তারিখের সভায় বৈদেশিক প্রশিক্ষণ খাতে ২.০০ কোটি টাকা চলতি অর্থ বছরের সংশোধিত বাজেটে বরাদ্দের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী বরাদ্দের প্রস্তাব বাজেট শাখায় প্রেরণ করা হবে। তিনি আরো উল্লেখ করেন যে, যেহেতু সংশোধিত বাজেটে সর্বমোট ১৬,২০,০৬ হাজার টাকা হ্রাস করা হয়েছে। তাই প্রশিক্ষণ খাতে এই অতিরিক্ত বরাদ্দ বাজেটের ব্যয় সীমার মধ্যেই থাকবে। সভাপতি এ বিষয়ে অর্থ বিভাগের প্রতিনিধির মতামত জানতে চান। অর্থ বিভাগের প্রতিনিধি জানান যে, আগামী ২২/০১/২০১৭ তারিখে অর্থ বিভাগে খাদ্য মন্ত্রণালয়ের সংশোধিত বাজেট আলোচনার জন্য নির্ধারণ করা আছে। উক্ত সভায় আলোচনা করে প্রশিক্ষণ খাতে অতিরিক্ত বরাদ্দ প্রস্তাব চূড়ান্ত হতে পারে।

০৯। উপ-সচিব বাজেট নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সংশোধিত বাজেট প্রস্তাব নেই মর্মে সভায় জানান। তিনি উল্লেখ করেন যে, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের মূল বাজেট ১০ কোটি ৫০ লক্ষ টাকা ঠিক থাকবে। নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রতিনিধি জানান যে, এ পর্যন্ত ২ কোটি ৫২ লক্ষ টাকা ব্যয় হয়েছে তবে পরবর্তী ৬ মাসে মূল বাজেটের সব টাকা ব্যয় হবে মর্মে তিনি জানান।

১০। উপসচিব (বাজেট ও হিসাব) জানান যে, মূল বাজেটে উন্নয়ন ব্যয় বরাদ্দ ছিল ৪৩৯ কোটি ৯২ লক্ষ টাকা। সংশোধিত বাজেটে প্রকৃত ও সম্ভাব্য ব্যয়ের ভিত্তিতে ২৩৯ কোটি ৩৯ লক্ষ ৫৭ হাজার টাকার প্রস্তাব করা হয়েছে।অতপর: উপসচিব (বাজেট ও হিসাব) নিম্নরূপভাবে উন্নয়ন ব্যয়ের সংশোধিত বাজেট সভায় উপস্থাপন করেন:-

সারনী-৬

উন্নয়ন ব্যয় বাজেট:

(হাজার টাকায়)

কোড নং ও খাত	মূল বাজেট ২০১৬-১৭	সংশোধিত বাজেট প্রস্তাব ২০১৬-১৭
৪৮০১- সচিবালয়	১৬,৫০,০০	১০,৪৫,০০
৪৮৩১- খাদ্য অধিদপ্তর	৪২৩,৪২,০০	২২৮,৯৪,৯৭
মোট উন্নয়ন ব্যয়	৪৩৯,৯২,০০	২৩৯,৩৯,৯৭

উন্নয়ন প্রকল্পে এত কম অর্থ ব্যয় দেখে সভাপতি কাজের অগ্রগতি বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্টদের নিদের্শ দেন।

(চলমান পাতা-৫)

১১। উপসচিব (বাজেট) নিম্নরূপভাবে খাদ্য মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বাজেটের খসড়ার সংক্ষিপ্তসার সভায় উপস্থাপন করেন:-

সারনী-৭

সর্বমোট সংশোধিত প্রাপ্তি ও ব্যয় বাজেট প্রস্তাব:

(হাজার টাকায়)

আয় ও ব্যয়ের খাত	মুল বাজেট (২০১৬-১৭)	সংশোধিত বাজেট প্রস্তাব (২০১৬-১৭)
প্রাপ্তি	১৯,০৩,০৫	২৫,৬২,৪৭
ব্যয় (অনুন্নয়ন + উন্নয়ন)	১২,০৯৭,৪৮,৯২	১০,২৭৪,২৬,৮৩

১২। সভায় বিস্তারিত আলোচনা করে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

১২.১. সভায় উপস্থাপিত খাদ্য মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের মধ্যমেয়াদী বাজেট কাঠামো (MBF) অনুমোদন করা হ'ল।

১২.২. সভায় উপস্থাপিত সারণী-১, সারণী-২ ও সারণী-৩ এ খাদ্য মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের প্রাপ্তি ও ব্যয়ের প্রাক্কলন এবং ২০১৯-২০ পর্যন্ত প্রক্ষেপণ অনুমোদন করা হলো।

১২.৩ সভায় উপস্থাপিত সারনী-৪ থেকে ৭ এ খাদ্য মন্ত্রণালয়ের চলতি ২০১৬-১৭ অর্থ বছরে সংশোধিত বাজেট অনুমোদন করা হ'ল।

১৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
১১/০১/২০১৭
(মো: কায়কোবাদ হোসেন)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি, খাদ্য মন্ত্রণালয়।

নং-১৩.০০.০০০০.০৫৩.২০.০২৮.১৭ -৭২(২৮)

তারিখ: ১২/০১/২০১৭ খ্রি:

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
৪। চেয়ারম্যান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, প্রবাসী কল্যাণ ভবন (১৩ তলা) ঢাকা।
৫। মহাপরিচালক, এফপিএমইউ, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
৬। যুগ্ম সচিব (সংগ্রহ ও সরবরাহ), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। যুগ্ম সচিব (বাজেট ও অডিট), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। যুগ্ম সচিব (প্রশাসন-১), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। যুগ্মসচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপসচিব (সেবা), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। উপসচিব (বাজেট ও হিসাব), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। পরিচালক (হিসাব ও অর্থ), খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
১৩। পরিচালক (চসসা), খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
১৪। উপ প্রধান, পরিকল্পনা কমিশন, কার্যক্রম বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫। পরিচালক, বাস্তবায়ন, পরীবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
১৬। উপ প্রধান (পরিকল্পনা কোষ), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
১৮। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১২/১/১৭

(মো: ইউনুছ পাটওয়ারী)
বাজেট অফিসার
খাদ্য মন্ত্রণালয়